কালের কণ্ঠ

তারিখ ... 28 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

# তিন স্কুল ছাত্রী ও বাবাকে মারধর

## বরিশালে উত্ত্যক্তের নালিশে ক্ষুব্ধ ছাত্রলীগের কাণ্ড

**বরিশাল অফিস ▷**

বরিশালের গৌরনদীতে উত্ত্যক্ত করায় অভিভাবকদের কাছে নালিশ দেওয়ায় ঢাকার তিন স্কুল ছাত্রী ও তাদের বাবাকে পিটিয়ে আহত করেছে ছাত্রলীগের কর্মীরা। হামলার সময় স্বর্ণালংকার ও নগদ অর্থও ছিনিয়ে নেওয়া হয় বলে অভিযোগ পাওয়া গেছে। বৃহস্পতিবার রাত ১০টার দিকে গৌরনদী বাসস্ট্যান্ডে ঢাকাগামী গ্লোবাল পরিবহনে এ ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে স্থানীয় লোকজন।

আহতরা হলো ঢাকার রায়েরবাজার আলী হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রী সানজিদা আক্তার (১৫), হাবিবা আক্তার (১০), ফাহাদা আক্তার (৬) ও তাদের বাবা হারুন বেপারী।

এ ঘটনায় হারুন বেপারীর মা বাদী হয়ে গৌরনদী সরকারি কলেজ ছাত্রলীগের আট কর্মীকে আসামি করে থানায় একটি মামলা করেছেন।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, উপজেলার পশ্চিম শাওড়া গ্রামের মো. শাহ আলম বেপারীর ছেলে মো. হারুন বেপারী ঢাকায় প্রাইভেট গাড়ির চালক। তিনি স্ত্রী ও তাঁর মেয়েদের নিয়ে ঢাকায় বসবাস করেন। গ্রীষ্মের ছুটিতে স্কুল বন্ধ থাকায় গত ২০ মে তাঁর তিন মেয়ে গ্রামের বাড়ি বেড়াতে আসে। বাড়িতে আসার পর থেকে একই গ্রামের সৈয়দ মোস্তাফিজুর রহমানের ছেলে ও গৌরনদী উপজেলা ছাত্রলীগের কর্মী সৈয়দ দিদার ও রিয়াজ বেপারী স্কুল ছাত্রী সানজিদাকে উত্ত্যক্ত করছিল। ঘটনার তিন দিন আগে সানজিদার দাদা বখাটে দিদার ও রিয়াজের অভিভাবকদের কাছে এ বিষয়ে নিয়ে নালিশ দেন। এতে ক্ষিপ্ত হয়ে বৃহস্পতিবার রাতে ঢাকা যাওয়ার পথে তাদের ওপর হামলা চালানো হয়।

আহত মো. হারুন বেপারী জানান, ফোনে বাবার কাছ থেকে সব বিষয় জেনে মেয়েদের ঢাকায় নিয়ে যাওয়ার জন্য বৃহস্পতিবার রাতে গৌরনদী বাসস্ট্যান্ড থেকে তাঁরা ঢাকাগামী গ্লোবাল পরিবহনে ওঠেন। গাড়ি ছাড়ার আগ মুহূর্তে দিদারের নেতৃত্বে তার সহযোগী ও গৌরনদী উপজেলা ছাত্রলীগের কর্মী রিয়াজ বেপারী, রাসেল ফকির, মামুন চোকদার, সৈয়দ আজাদ, আরিফ বেপারী, আজাদ আকন, শাওনসহ ১০-১২ জন গাড়ির ভেতর ঢুকে হারুনসহ তাঁর মেয়েদের টেনে-হিঁচড়ে গাড়ি থেকে নামিয়ে মারধর করে। এ সময় তারা মেয়েদের গালাগালসহ যৌন হয়রানি করে। এমনকি হারুনের পকেটে থাকা ২৪ হাজার টাকাসহ মানিব্যাগ ও মেয়েদের গলায় থাকা স্বর্ণালংকার ছিনিয়ে নিয়ে যায়।

অভিযোগ অস্বীকার করে ছাত্রলীগকর্মী সৈয়দ দিদার বলেন, 'বাসস্ট্যান্ড এলাকায় বন্ধু রিয়াজ সড়ক দুর্ঘটনায় পড়লে আমরা কয়েকজন মিলে তাকে দেখতে যাই। ওই সময় যে গাড়ি দুর্ঘটনা ঘটিয়েছে তাদের সঙ্গে আমাদের ঝামেলা হয়েছে। ওই গাড়িতেই ছিলেন হারুন ও তাঁর মেয়েরা। তাঁদের পরিবারের সঙ্গে আমাদের একটি ক্লাবঘর ওঠানো নিয়ে পূর্বশত্রুতা থাকায় গাড়িতে বসে তাঁরা আমাদের ওপর হামলা করে উল্টো আমাদের বিরুদ্ধে অভিযোগ আনছেন।'

গৌরনদী মডেল থানার ওসি মো. আলাউদ্দিন মিলন বলেন, মামলা হয়েছে। তদন্ত সাপেক্ষে অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।